



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
কালেক্টরেট ভবন, কুষ্টিয়া।  
[www.bnfe.kushtia.gov.bd](http://www.bnfe.kushtia.gov.bd)



স্মারক নং-৩৮.০২.৫০০০.৩৫১.১৪.০২৭.০৮.২৩-২৬

তারিখ:-১৮/০২/২০২৪ খ্রি।


বিষয়:- শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন।

সূত্র : মহাপরিচালক উশিবিয় এর স্মারক নং-৩৮.০০.০০০০.৩০১.২৩.৩৪১.১১-১৯৭, তারিখ-১৮/০২/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার "আউট অব স্কুল চিলড্রেন" কর্মসূচির আওতায় শিখন কেন্দ্রসমূহে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করার নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে শিক্ষার্থীদের নিয়ে সংযুক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্রসমূহে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪' যথাযোগ্য মর্যাদায় উদযাপন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : মহাপরিচালক, উশিবিয় মহোদয়ের পত্র।

নির্বাহী পরিচালক/পরিচালক(কর্মসূচি)  
জাগরণী চক্র ফাউন্ডেশন/প্রভাতী উন্নয়ন সংস্থা/  
উষা বাংলাদেশ  
কুষ্টিয়া।

  
(জিহাদুল ইসলাম জিহাদ)  
সহকারী পরিচালক  
ফোন নং-০২৪৭৭৭৮৩৫৯৯

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

- ০১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল) কুষ্টিয়া।
- ০৪। প্রোগ্রাম হেড, আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচি, কুষ্টিয়া(কেন্দ্রে যথাযোগ্য মর্যাদায় পালন করা ও সার্বিক সহযোগিতা প্রদানের নির্দেশনাসহ)
- ০৫। উপজেলা প্রোগ্রাম ম্যানেজার(সকল)আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচি, কুষ্টিয়া(উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় পূর্বক কেন্দ্রে যথাযোগ্য মর্যাদায় পালন করা ও সহযোগিতা প্রদানের নির্দেশনাসহ)
- ০৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।  
[www.bnfc.gov.bd](http://www.bnfc.gov.bd)

স্মারক নং: ৩৮.০০.০০০০.৩০১.২৩.৩৪১.১১- ৯৯৭

তারিখ: ০৫ ফাল্গুন ১৪৩০  
১৮ ফেব্রুয়ারি ২০২৪


**বিষয়: শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য সকল জেলার সহকারী পরিচালকগণকে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে নিয়োক্ত কর্মসূচি গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কার্যালয় ও আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচির কেন্দ্রসমূহে সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে।

খ) আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচির প্রতিটি উপজেলায় কমপক্ষে একটি কেন্দ্রে শিশুদের নিয়ে আলোচনা সভা, চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠসহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ও পুরস্কার বিতরণ করবেন। পুরস্কার বিতরণের ছবিসহ অনুষ্ঠানের ছবি ব্যুরোতে প্রেরণ করতে হবে।

গ) সংশ্লিষ্ট জেলা তথ্য অফিস হতে প্রয়োজনীয় পোস্টার গ্রহণ, বিতরণ ও সাঁটানো নিশ্চিত করতে হবে।

  
১৮.২.২০২৪  
(রাজু কুমার সরকার)

সহকারী পরিচালক(প্রশাসন)

ফোন: ০২-২২৬৬০১১৭

সহকারী পরিচালক  
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, .....

**জ্ঞাতার্থে :**

- ১। জেলা প্রশাসক, ..... জেলা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সহকারী প্রোগ্রামার, উশিবু, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।